সংবাদ

NOV. 06 2006

# হল দখল নিয়ে উত্তেজনা
# ঢাকা কলেজে ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ : ২০ নেতাকর্মী আহত

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর ঢাকা কলেজে হোস্টেল দখলকে কেন্দ্র করে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে উভয় দলের ২০ নেতাকর্মী আহত হয়েছেন। গতকাল রোববার দুপুরে এ ঘটনা ঘটে। এ সময় উভয় দলের নেতাকর্মীরা মিরপুর সড়কের ১০/১২টি গাড়ি ভাঙচুর করে। ছাত্রদলের নেতাকর্মীরা কলেজের ক্যাম্পাসে ৮/১০টি ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে। পুলিশ ছাত্রলীগের এক কর্মীকে গ্রেফতার করেছে। কলেজ ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

পুলিশ জানায়, ঈদের ছুটির পর গতকাল থেকে ক্লাস শুরু হয়। দুপুর ১২টার দিকে ক্যাম্পাসে আওয়ামী লীগের নেতাকর্মীরা মিছিল বের করে। এক পর্যায়ে তারা হোস্টেল দখলের চেষ্টা করে। ছাত্রদলের নেতাকর্মীরা এতে বাধা দিলে ছাত্রলীগ ও ছাত্রদলের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়। এ সময় ছাত্রদলের ক্যাডাররা ক্যাম্পাসের ভেতর ৩/৪টি ককটেলের বিস্ফোরণ ঘটায়। দুপুর ১টার দিকে ছাত্রলীগ ও ছাত্রদলের সংঘর্ষ কলেজ

আহত : পৃ: ১১ ক: ৩

## আহত : নেতাকর্মী

(১২ পৃষ্ঠার পর)

ক্যাম্পাসের বাইরে মিরপুর সড়কে ছড়িয়ে পড়ে। সেখানেও ছাত্রলীগ ও ছাত্রদলের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলতে থাকে। এ সময় উভয় দলের নেতাকর্মীরা ১০/১২টি গাড়ি ভাঙচুর করে। এ সময় ব্যাপক যানজটের সৃষ্টি হয়। দুপুর দেড়টার দিকে নিউমার্কেট ও গাউসিয়ার ব্যবসায়ীরা উভয় দলের নেতাকর্মীদের ধাওয়া দিয়ে মিরপুর সড়ক থেকে ক্যাম্পাসের ভেতর ঢুকিয়ে দেয়। ক্যাম্পাসের ভেতর আবার ছাত্রদলের নেতাকর্মীরা ৫/৬টি ককটেলের বিস্ফোরণ ঘটায়। সংঘর্ষে ছাত্রলীগ ও ছাত্রদলের ২০ নেতাকর্মী আহত হন। আহতদের বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় ছাত্রলীগের কর্মী বিপুল কুমার সিংহকে গ্রেফতার করে পুলিশ। কলেজ ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ছাত্রলীগের নেতাকর্মীরা জানান, গত ৫ বছর ছাত্রদলের ক্যাডাররা অবৈধভাবে কলেজের হোস্টেলগুলো দখল করেছিল। দুপুরে হোস্টেল দখল করতে গেলে ছাত্রদলের ক্যাডাররা তাদের ওপর লাঠিসোঁটা নিয়ে ঝাঁপিয়ে পড়ে। এ সময় ছাত্রদলের ক্যাডাররা ক্যাম্পাসে কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটায়। ছাত্রদলের ক্যাডারদের মারধরে ছাত্রলীগের ১২ জন নেতাকর্মী আহত হন। পুলিশ ছাত্রদলের ক্যাডারদের গ্রেফতার না করে ছাত্রলীগের কর্মী বিপুলকে গ্রেফতার করে নিয়ে যায়।

ছাত্রদলের নেতাকর্মীরা জানান, ছাত্রলীগের ক্যাডাররা মিছিল করে হোস্টেল দখল করার চেষ্টা করে। তারা ক্যাম্পাসে পর পর কয়েকটি ককটেলের বিস্ফোরণ ঘটায়। ওই ক্যাডাররা মিরপুর সড়কে ১০/১২ গাড়ি ভাঙচুর করে। ছাত্রদলের নেতাকর্মীদের বেদম পেটায় ছাত্রলীগের ক্যাডাররা। এ সময় ছাত্রদলের ৮ নেতাকর্মী আহত হন।

ঢাকা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মোস্তাফার জামিল জানান, কলেজের ছেলেরা মিছিল করার পর পটকা ফুটিয়ে বিক্ষোভ